

<https://www.banglanews24.com/index.php>

নীলফামারীতে ২১ জন কৃষক পাচ্ছেন ভর্তুকি মূল্যে কস্বাইন হারভেস্টার

ডিস্ট্রিক্ট করেসপন্ডেন্ট | বাংলানিউজটোয়েন্টিফোর.কম | আপডেট: ১৫০৫ ঘণ্টা, মে ১৪, ২০২৪



নীলফামারী: নীলফামারীতে কৃষি মন্ত্রণালয়ের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকি মূল্যে কস্বাইন হারভেস্টার পাচ্ছেন ২১ জন কৃষক। ৩০ লাখ ৫০ হাজার টাকা দামের এই কৃষি যন্ত্র সুবিধাভোগী কৃষকরা পাবেন ১৫ লাখ ২৫ হাজার টাকায়।

নীলফামারী সদর উপজেলা পরিষদ প্রাঙ্গণে মঙ্গলবার (১৪ মে) সকালে রামনগর ইউনিয়নের কৃষক হামিদুল ইসলামের হাতে চাবি তুলে দিয়ে কস্বাইন হারভেস্টার বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়।

উপজেলা কৃষি কর্মকর্তা আতিক আহমেদের সভাপতিত্বে বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মেহেদি হাসান।

এ সময় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মুশফিকুর রহমান ও নীলফামারী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক নুর আলম উপস্থিত ছিলেন।

উপজেলা কৃষি কর্মকর্তা আতিক আহমেদ জানান, এই কৃষি যন্ত্রের ফলে শ্রমিক সংকট দূরীকরণ, অর্থনৈতিক ও সময় সাশ্রয় হবে কৃষকের। পাশাপাশি এক যন্ত্র দিয়ে ধান কর্তন ও মাড়াই করতে পারবেন কৃষকরা। ফলে লাভবান হবেন কৃষকরা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর জেলা কার্যালয়ের উপ-পরিচালক আবু বকর সাইফুল ইসলাম জানান, চলতি মৌসুমে ২১ জন কৃষককে এই কৃষি যন্ত্র (কস্বাইন হারভেস্টার) ভর্তুকি মূল্যে দেওয়া হচ্ছে।

২১টি যন্ত্রের মূল্য ৬ কোটি ৪০ লাখ ৫০ হাজার টাকা। যন্ত্রটি অর্ধেক দামে কৃষকরা কিনতে পারবেন এবং বাকি অর্ধেক টাকা সরকার পরিশোধ করবে। কৃষি যান্ত্রিকীকরণ কর্মসূচির অংশ হিসেবে এ উদ্যোগ নিয়েছে সরকার।

বাংলাদেশ সময়: ১৫০৩ ঘণ্টা, মে ১৪, ২০২৪

এসআরএস

সম্পাদক : জুয়েল মাজহার

ফোন: +৮৮০ ২ ৮৪৩ ২১৮১, +৮৮০ ২ ৮৪৩ ২১৮২ আই.পি. ফোন: +৮৮০ ৯৬১ ২১২ ৩১৩১ নিউজ রুম মোবাইল: +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৬, +৮৮০ ১৭২ ৯০৭ ৬৯৯৯ ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪৩ ২৩৪৬

ইমেইল: news@banglanews24.com (mailto:news@banglanews24.com) সম্পাদক ইমেইল: editor@banglanews24.com (mailto:editor@banglanews24.com)

Marketing Department: +880 961 212 3131 Extension: 3039 E-mail: marketing@banglanews24.com (mailto:marketing@banglanews24.com)

কপিরাইট © 2006-2024 banglanews24.com | একটি ইন্সট-ওয়েস্ট মিডিয়া গ্রুপের (ইডব্লিউএমজিএল) প্রতিষ্ঠান